



দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

পল্লী ভবন (৬ষ্ঠ তলা)

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

[www.iresppw-brdb.gov.bd/Fax-8189029](http://www.iresppw-brdb.gov.bd/Fax-8189029)


স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০১৪.১৮.২৪৩

তারিখঃ ১৫/১০/১৮খ্রিঃ

বিষয়ঃ গ্রাজুয়েট জরিপে প্রাপ্ত তথ্য সফটওয়্যারে এন্ট্রি প্রদান।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্পটি মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত একটি অগ্রাধিকার প্রকল্প। প্রকল্পটি জানুয়ারী/১২ থেকে জুন/১৮ খ্রিঃ মেয়াদে বাস্তবায়িত হয়। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অনুযায়ী সুফলভোগী সকল সদস্যের আর্থ-সামাজিক অবস্থার উপর প্রকল্প কার্যক্রমের অভিঘাত নিরূপনে প্রকল্প কর্তৃক নির্ধারিত গ্রাজুয়েট জরিপ ফর্ম অনুযায়ী জরিপ কার্যক্রম পরিচালনার জন্য নির্দেশনা প্রদান করা হয় (স্মারক নং ৫৩০ তাং ১৯/০৬/১৮খ্রিঃ)। উপজেলা পর্যায়ে হতে গ্রাজুয়েট জরিপে প্রাপ্ত রিপোর্ট প্রকল্পের ২য় পর্যায় গ্রহণ / অভিঘাত মূল্যায়নের ক্ষেত্রে বিশেষ বিবেচ্য বিষয়। প্রকল্পের যাবতীয় কার্যক্রম অনলাইন সফটওয়্যারের মাধ্যমে পরিচালিত হওয়ায় ইতোমধ্যে জরিপের মাধ্যমে সংগৃহীত তথ্যাবলী সফটওয়্যারে এন্ট্রি প্রদানের জন্য প্রকল্পের ওয়েবসাইটে প্রয়োজনীয় লিংক ([www.iresppw-brdb.gov.bd/mis](http://www.iresppw-brdb.gov.bd/mis)) সংযোজন করা হয়েছে। এ সংক্রান্ত লিংক এ **Login , Password change**, গ্রাজুয়েট সদস্য এন্ট্রি করার নিয়ম এবং গ্রাজুয়েট সদস্যের রিপোর্ট দেখার নিয়ম বিস্তারিত **Flow chart** এ দেখানো হয়েছে (সংযুক্ত)। **Flow chart** এ প্রদর্শিত রূপরেখা অনুসরণপূর্বক ডাটা এন্ট্রি কার্যক্রম সম্পন্ন করার জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো।

১. যে সকল উপজেলায় জরিপ কার্যক্রম সম্পন্ন হয়নি সেক্ষেত্রে অবিলম্বে জরিপ ও ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে ;
২. শতভাগ সুবিধাভোগী সদস্যের ডাটা এন্ট্রি করতে হবে ;
৩. আগামী ২৫/১০/১৮খ্রিঃ তারিখের মধ্যে প্রকল্পভুক্ত উপজেলার সকল সুফলভোগী সদস্যের ডাটা এন্ট্রি করতে হবে;
৪. এ সংক্রান্ত কোন জটিলতা দেখা দিলে অত্র প্রকল্পের প্রোগ্রামার জনাব মোঃ ফিরোজ আহমেদ (০১৭১১১৮৯২৫১) এর সাথে যোগাযোগ করার জন্য বলা হলো।

  
প্রকৌশলী মোহাম্মদ বাশেদুল আলম  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।  
০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

উপজেলাঃ..... (সকল)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. উপপ্রকল্প পরিচালক(ইরেসপো), বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি (প্রকল্পভুক্ত সকল জেলা)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো (সকল)।
৬. হিসাব সহকারী/মাঠ সংগঠক, ইরেসপো (সকল)।
৭. অফিস নথি/ গার্ড ফাইল।